

মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা:

- ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা ও বিবিএস এর সকল উইং এ নিয়মিত ই-নথির মাধ্যমে কার্যক্রম নিষ্পত্তি করতে হবে।
- খ) মিটিং, সেমিনার ও প্রশিক্ষণসমূহ যথাসম্ভব অনলাইনে আয়োজন করা হবে।
- গ) এসআইডি ও আওতাধীন বিবিএস এর সকল কর্মকর্তাকে নিয়মিত অফিশিয়াল ই-মেইল ব্যবহার করতে হবে।
- ঘ) ম্যানুয়াল সার্ভিসগুলোকে সহজিকরণ করে ধীরে ধীরে ই-সার্ভিসে রূপান্তর করতে হবে।
- ঙ) বিভিন্ন সার্ভেগুলো ই-সার্ভে করার উদ্যোগ নিতে হবে, সেম্পাসের কিছু কিছু কার্যক্রম ই-সেম্পাসে বাস্তবায়ন করার উদ্যোগ নিতে হবে।
- চ) কর্মকর্তারা বিভিন্ন অনলাইনে বা লাইভ চ্যাটের মাধ্যমে যোগাযোগ অব্যাহত রাখবে।
- ছ) গুরুত্বপূর্ণ ও জরুরি মেসেজ ই-নোটিফিকেশন সিস্টেমের মাধ্যমে কর্মকর্তাদের জানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- জ) স্বাস্থ্যবিধি বিষয়ে বিশেষজ্ঞদের দ্বারা প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।
- ঝ) বহিরাগত সাক্ষাৎপ্রার্থীদের জন্য ই-সাক্ষাতকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঞ) সার্ভার এবং নেটওয়ার্ক অবকাঠামো বৃদ্ধি করতে হবে।
- ট) পরিসংখ্যান ভবনের সামনে/নীচতলায় ডিজিটাল ব্যানারের মাধ্যমে সামাজিক দূরত্ব মানার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির উদ্যোগ নিতে হবে।